**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট**
www.rdcd.gov.bd

**বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব নাসরীন আক্তার চৌধুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) ও চীফ ইনোভেশন অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : ০৩ ডিসেম্বর, ২০১৯ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : সভাকক্ষ (ভবন নং- ০৭, কক্ষ নং- ৬৩৩), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-“ক” সদয় দ্রষ্টব্য।

৩। সভার শুরুতে সভাপতি এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের প্রোগ্রামারকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতি আলোচনা শুরু করার অনুরোধ জানান।

৪। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার বিগত ২৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে এ বিভাগের ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ সকলকে অবহিত করেন। সভাপতি উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে দপ্তর/ সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের আরও তৎপর হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন। অতঃপর প্রোগ্রামার সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। **আলোচনা ও সিদ্ধান্ত:**

(i) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার।

**সিদ্ধান্তঃ** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর ৪.১.১ নং সূচক মোতাবেক উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার ফেব্রুয়ারি, ২০২০ এর প্রথম সপ্তাহে CIRDAP-এ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ii) উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন।

**সিদ্ধান্তঃ** ৪.২.১ নং সূচকে উল্লিখিত উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ কর্মশালাটি বিআরডিটিআই, সিলেট মার্চ, ২০২০-এ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(iii) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন।

**সিদ্ধান্তঃ** ৪.৩.১ নং সূচকে উল্লিখিত সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ কর্মশালাটি আগামী ২৮ ও ২৯, ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ বাপার্ড, গোপালগঞ্জে আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(iv) ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি।

**সিদ্ধান্তঃ** দপ্তর/সংস্থাসমূহ ৬.১.১ নং সূচকে উল্লিখিত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি করে আগামী ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ এবং স্ব স্ব দপ্তর/ সংস্থার ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(v) উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ।

**সিদ্ধান্তঃ** ৯.৩.১ নং সূচক মোতাবেক আগামী ২০-২৬ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখ অথবা সুবিধাজনক সময়ে এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাবৃন্দের (ইনোভেটর) সমন্বয়ে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত শিক্ষা সফরটি থাইল্যান্ড/ মালয়েশিয়া/ ভারত-এ অনুষ্ঠিত হবে এবং সদস্যদের ব্যয়ভার স্ব স্ব দপ্তর/সংস্থা হতে বহন করা হবে।

(vi) বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকৃত।

**সিদ্ধান্তঃ** ১০.২.১ নং সূচক মোতাবেক স্ব স্ব দপ্তর/ সংস্থার বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য সব সময় ওয়েবসাইটে আপলোড/ হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(vii) ন্যূনতম একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন।

**সিদ্ধান্তঃ** ১১.১.১ নং সূচক মোতাবেক আগামী ১৫/০২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রত্যেক দপ্তর/ সংস্থার ন্যূনতম একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(viii) মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান।

**সিদ্ধান্তঃ** ১৩.৩.১ নং সূচক মোতাবেক স্ব স্ব দপ্তর/ সংস্থা তাদের মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহের তালিকা আগামী ১১/১২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।

(ix) বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বাষিক প্রতিবেদন স্ব-মূল্যায়ন

**সিদ্ধান্তঃ** ১৫.১.১ নং সূচক মোতাবেক স্ব স্ব দপ্তর/ সংস্থার বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বাষিক প্রতিবেদন স্ব-মূল্যায়ন করে আগামী ২৬/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নী ০৩।০২।২৭

(নাসরীন আক্তার চৌধুরী)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

০৩ ডিসেম্বর, ২০১৯ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা:

| ক্রমিক নং | নাম ও পদবী | ই-মেইল এড্রেস | স্বাক্ষর ও মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | মো: মিজানুর রহমান উপসচিব, RDCD | ds.admin1@rdcd.gov.bd | [signature] ০১৭১৭৪৩৭৪৪৪ |
| ৪। | ড. মো: আলমগীর হোসেন উপসচিব, পরিচালক (বাপার্ড) | dralamgirds@gmail.com | [signature] 01712257215 |
| ৫। | মো: সফিকুল ইসলাম অতিঃ পরিচালক, বার্ড, কুমিল্লা | shafiqbard@gmail.com | [signature] 01715172430 |
| ৬। | মো: আবুল কালাম আজাদ উপ-মহাব্যবস্থাপক, SFDF | azad_sfdf2007@yahoo.com | [signature] ৩/১২/১৯ 01987703219 |
| ৭। | ড. মোহাম্মদ মুনসুর রহমান পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) | mdmunsur@hotmail.com | 01720411281 [signature] |
| ৮। | ইমরান বিন ফারুক সিনিয়র অফিসার | imran.milkvita@gmail.com | 01715145376 [signature] 3/12/19 |
| ৯। | নাজনীন খানম উপপরিচালক (প্রোগ্রামিং) | nazneensheuly@yahoo.com | 01915843607 [signature] 3/12/19 |
| ১০। | জোবায়দা বেগম উপ প্রধান | RDCD | [signature] ৩/১২/১৯ |
| ১১। | প্রকৌ: মো: মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট | পউসবি | [signature] ৩/১২/২০১৯ |
| ১২। | আবিদিন মোহাম্মদ আরিফ প্রোগ্রামার | পউসবি | [signature] 03.12.19 |
| ১৩। | আতিক ফরহাদ তিলক সহকারী প্রোগ্রামার | asst.prog1@rdcd.gov.bd RDCD | [signature] ০৩/১২/১৯ |

| ক্রমিক নং | নাম ও পদবী | ই-মেইল এড্রেস | স্বাক্ষর ও মোবাইল নম্বর |
| --- | --- | --- | --- |
| ১৪। | ড. মোঃ মনিরুল ইসলাম<br>যুগ্ম পরিচালক | PDBF-<br>monarul68@gmail.com | [illegible] |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |
| ১৮। | | | |
| ১৯। | | | |
| ২০। | | | |
| ২১। | | | |
| ২২। | | | |
| ২৩। | | | |
| ২৪। | | | |
| ২৫। | | | |
| ২৬। | | | |
| ২৭। | | | |